# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 19-10-2025 Time: 1.40 P.M**

দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর ও পাথরপ্রতিমায় কালীপুজোর উদ্বোধনে গিয়ে আজ তৃণমূল কর্মী-সমর্থকদের বিক্ষোভের মুখে পড়েন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর গাড়ি ঘিরে চলে তীব্র বিক্ষোভ ও স্লোগান। স্থানীয় প্রশাসন দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলেও এলাকায় উত্তেজনা ছড়ায় । শুভেন্দুবাবু অভিযোগ করেন, ধর্মীয় অনুষ্ঠানে অংশ নিতে এসে , হামলার মুখে পড়াটা অত্যন্ত দুঃখজনক ও নিন্দনীয়। বিজেপির জেলা নেতৃত্বের দাবি, পরিকল্পিতভাবে এই হামলা চালানো হয়েছে। অন্যদিকে, তৃণমূল নেতৃত্বের দাবি, স্থানীয় মানুষ স্বতঃস্ফূর্তভাবে বিক্ষোভ দেখিয়েছেন। পুলিশ জানিয়েছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং এলাকায় নিরাপত্তা বাড়ানো হয়েছে।

oooooooooooooooooooooo

শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় মুর্শিদাবাদের বড়ঞার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহার বিরুদ্ধে কলকাতার বিশেষ সিবিআই আদালতে চার্জশিট জমা দিয়েছে ইডি। গ্রেফতারের ৬০ দিনের মাথায় তার বিরুদ্ধে চার্জশিট পেশ করা হল। সেখানে উল্লেখ করা হয়েছে, নবম-দশম এবং একাদশ-দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বেআইনিভাবে চাকরি পাইয়ে দেওয়ার নামে দেড় কোটি টাকা নিয়েছিলেন জীবনকৃষ্ণ। সেই টাকায় তিনি বারোটির বেশি সম্পত্তি কিনেছিলেন। তার বিরুদ্ধে একাধিক তথ্য প্রমাণ সহ অন্তত ১২ জন চাকরি প্রার্থীর বয়ান রয়েছে ঐ

চার্জশিটে। পাশাপাশি আরও বলা হয়েছে, তদন্ত চলাকালীন তিনি ইডির আধিকারিকদের সঙ্গে নানাভাবে অসহযোগিতা করেছেন। তথ্য প্রমাণ নষ্ট, মোবাইল ফোন ফেলে দেওয়া এবং পালানোর চেষ্টার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

উল্লেখ্য এর আগে সিবিআইয়ের মামলাতেও জীবন কৃষ্ণের বিরুদ্ধে একই অভিযোগ ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত এলাকা পরিদর্শনের পর ফেরার পথে সুখিয়া পোখরির কাছে মাসধুরায় দার্জিলিংয়ের বিজেপি সাংসদ রাজু বিস্তার কনভয়ে হামলার অভিযোগ উঠেছে দুষ্কৃতিদের বিরুদ্ধে। গতকাল রিম্ভিক এবং লোধামায় ধসে বিপর্যস্ত এলাকা পরিদর্শনে গিয়েছিলেন তিনি। সন্ধ্যায় অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীরা তাঁর গাড়ি লক্ষ্য করে ঢিল ছোঁড়ে বলে অভিযোগ। যদিও তা লক্ষ্যভ্রষ্ট হয়ে কনভয়ের অন্য একটি গাড়িতে গিয়ে লাগে। সামাজিক মাধ্যমে এক পোস্টে সাংসদ জানিয়েছেন, পাহাড়ের স্থায়ী রাজনৈতিক সমাধানে মধ্যস্থতাকারী নিয়োগ হওয়ার পরেই এই হামলা অত্যন্ত সন্দেহজনক। পাহাড়ে অশান্তি ছড়ানোর ষড়যন্ত্র চলছে বলে অভিযোগ করেন তিনি।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজু বিস্তার ওপর হামলার ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি অভিযোগ করেন, শাসক দলের দুষ্কৃতীরা পরিকল্পিতভাবে এই হামলা চালিয়েছে।

উল্লেখ্য, এর আগে ৬ই অক্টোবর বন্যা ও ভূমিধ্বসে বিধ্বস্ত মানুষদের ত্রাণ বিলি করতে গিয়ে জলপাইগুড়ির নাগরাকাটায় আক্রান্ত হন বিজেপি সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শঙ্কর ঘোষ। বাঁ চোখের নীচে গুরুতর আঘাত নিয়ে এখনও হাসপাতালে ভর্তি খগেন মুর্মু। গতকাল তাঁকে দেখতে হাসপাতালে যান বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাত পোহালেই দীপাবলী ও কালীপুজো । আলোকমালায় সেজে উঠেছে গোটা রাজ্য। আজ ভূত চতুর্দশী। গৃহস্থ বাড়িতে আজ সন্ধ্যায় চোদ্দটি মাটির প্রদীপ জ্বালিয়ে পূর্ব পুরুষের উদ্দেশে শ্রদ্ধা জানানোর রীতি রয়েছে। ঋতু পরিবর্তনের সময় রোগ প্রতিরোধে আজ ভেষজ সমৃদ্ধ চোদ্দ শাক খাওয়ার চল রয়েছে বাংলার ঘরে ঘরে। আজ পয়লা কার্তিক। পিতৃ পুরুষের উদ্দেশে আকাশদীপ জ্বালানো শুরু হবে এদিন থেকে। আগামীকাল অমাবস্যা তিথিতে দেবী শ্যামার আরাধনার আয়োজন করা হচ্ছে।

এদিকে, কালীপুজো ও আলোর উৎসব দীপাবলী উপলক্ষ্যে রাজ্যজুড়ে শেষ মুহুর্তের প্রস্তুতি চলেছে। সুপ্রীম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ শব্দবাজি যাতে কোনভাবেই পোড়ানো না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' সুনিশ্চিত করতে বলেছে। কালীপুজো ও দীপাবলিতে আগামীকাল রাত ৮ টা থেকে ১০টা এবং ২৮শে অক্টোবর ছটপুজোর দিন সন্ধ্যা ৬'টা থেকে রাত ৮টা পর্যন্ত শুধুমাত্র পরিবেশ বান্ধব সবুজ বাজি পোড়ানো যাবে বলে জানিয়েছে কলকাতা পুলিশ।

অন্যদিকে, উৎসবের প্রস্তুতিতে রাজ্যে যখন সাজ সাজ রব তখন আশঙ্কা বাড়াচ্ছে বায়ু দূষণের হার। বিশেষ করে জনবহুল কলকাতা মহানগরীতে বায়ু দূষণের হার ঊর্ধ্বমুখী।

একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কালীপুজো উপলক্ষ্যে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল, মঙ্গল ও বুধবার রাতে শহরতলীর বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন পরিষেবা

দেবে। যেসব শাখায় রাত্রিকালীন এই বিশেষ পরিষেবা দেওয়া হবে সেগুলি হল শিয়ালদা - ডানকুনি, শিয়ালদা - বারাসাত, বনগাঁ - বারাসাত, শিয়ালদা - রানাঘাট, এবং শিয়ালদা - বারুইপুর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দর্শনার্থীদের সুবিধার্থে কলকাতা মেট্রো রেল আগামীকাল কালীপুজোর দিন রাতে ব্লু লাইন সেকশনে আপ ও ডাউন অভিমুখে বর্ধিত বিশেষ পরিষেবা দেবে। ওই দিন ব্লু লাইনে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরামের শেষ পরিষেবা রাত ৯ টা ২৮ মিনিটের পরিবর্তে রাত দশটা ৫১মিনিটে এবং শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বরের শেষ পরিষেবা রাত ৯ টা ৩৩ মিনিটের পরিবর্তে রাত ১১ টায় পাওয়া যাবে। তবে ওই দিন ব্লু লাইনে মোট ২৭২ টি পরিষেবার পরিবর্তে সব মিলিয়ে ৭২ টি আপ ও ৭২ টি ডাউন সহ মোট ১৪৪ টি পরিষেবা দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজও উপকূলের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা। তবে, রাজ্যজুড়ে শুষ্ক আবহাওয়া থাকবে বলেই জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

আজ সকালে শহরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ৫ ডিগ্রি বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০